লন্ডনে ছাত্রলীগের ৬৬ তম প্রতিষ্ঠা বার্ষিকী পালিত

গৌরব ঐতিহ্য সংগ্রাম ও সাফল্যের ধারাবাহিকতা রক্ষায় ঐক্যবদ্ধভাবে কাজ করার আহবান আনন্দ উৎসব ও জমকালো আয়োজনের মধ্যদিয়ে গৌরব ঐতিহ্য সংগ্রাম ও সাফল্যের ধারাবাহিকতায় বাংলাদেশ ছাত্রলীগের ৬৬ তম প্রতিষ্ঠা বার্ষিকী পূর্ব লন্ডনের বার্নার ক্লাবে যুক্তরাজ্য ছাত্রলীগের উদ্যোগে সংগঠনের ভারপ্রাপ্ত সভাপতি তামিম আহমেদের সভাপতিত্বে ও ভারপ্রাপ্ত সাধারণ সম্পাদক সজীব ভুইয়ার পরিচালনায় আলোচনা সভা ও সাংস্কৃতিক অনুষ্ঠান অনুষ্ঠিত হয়।

সভার শুরুতে কোরআন থেকে তেলাওয়াত করেন যুক্তরাজ্য ছাত্রলীগ নেতা কামরুল হাসান হাসান তুষার। সভার শুরুতেই ১৯৫২ থেকে আজ অবধি বিশেষত মহান মুক্তিযুদ্ধের ৩০ লক্ষ বীর শহীদ, ২ লক্ষ বিরঙ্গনা মা বোন ও জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবর রহমানের প্রতি সম্মান প্রদর্শন পূর্বক দাড়িয়ে ১ মিনিট নীরবতা পালন করা হয়।

সভায় প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন সর্বইউরোপীয় বঙ্গবন্ধু পরিষদের সাধারণ সম্পাদক ডাক্তার ফয়জুল ইসলাম। প্রধান অতিথির বক্তব্যে তিনি ১৯৪৮ সালের ৪ঠা জানুয়ারী ছাত্রলীগ গঠনের পর দেশের বিভিন্ন সংকটময় মুহূর্তে ছাত্রলীগের ভুমিকা উলেখ করেন। বঙ্গবন্ধু শেখ মুজিবর রহমানকে শ্রদ্ধার সাথে স্মরণ করে বলেন শেখ মুজিবর রহমান ছাত্রলীগ গঠন করেছিলেন বলেই আমরা স্বাধীনতার লাল সবুজের পতাকা অর্জন করতে সক্ষম হয়েছি। প্রধান বক্তা হিসেবে বক্তব্য রাখেন সিলেট জেলা ছাত্রলীগের সাবেক সাধারণ সম্পাদক ফয়েজুর ইসলাম লস্কর। তিনি সম্প্রতি ১০ম জাতীয় সংসদ নির্বাচনে আওয়ামীলীগের নিরঙ্কুশ বিজয়কে স্বাগত জানিয়ে সকল ভোটারদের প্রতি কৃতজ্ঞতা প্রকাশ করেন।

অন্যান্যদের মধ্যে বিশেষ অতিথি হিসেবে বক্তব্য রাখেন যুক্তরাজ্য আওয়ামীলীগের যুগ্ম সম্পাদক আনয়ারুজ্জামান চৌধুরী, লন্ডন টাওয়ার হেমলেটস এর সাবেক মেয়র সেলিম উলাহ, যুক্তরাজ্য আওয়ামীলীগের শিল্প ও বাণিজ্য সম্পাদক আ স ম মিসবাহ, আন্তর্জাতিক সম্পাদক কাওসার চৌধুরী, ইমিগ্রেসন সম্পাদক এডভোকেট এম এ করিম ,সহ প্রচার সম্পাদক লুতফর রহমান সায়েদ,যুক্তরাজ্য আওয়ামীলীগের কার্যকরী সদস্য আহমেদ হাসান, পর্তুগাল আওয়ামীলীগের সভাপতি মোঃ রফিক উলাহ, লন্ডন মহানগর আওয়ামীলীগের সিনিয়র সহ সভাপতি আনহার মিয়া, ত্রান ও পুনর্বাসন সম্পাদক আব্দুর রহিম শামিম, যুক্তরাজ্য যুবলীগের সভাপতি ফখরুল ইসলাম মধু, সাধারণ সম্পাদক সেলিম আহমেদ খান, সহসভাপতি মোঃ আফজাল হোসেন, নাজমুল ইসলাম,যুগ্ম সম্পাদক জামাল আহমেদ খান, আনিসউজ্জামান আজাদ, হাফিজুর রহমান সেলিম, আব্দুর রকিব ,স্বেচ্ছাসেবক লীগের সহ সভাপতি এনাম উদ্দিন, যুক্তরাজ্য ছাত্রলীগের সাবেক সভাপতি ও সেচ্চাসেবক লীগ যুক্তরাজ্যের যুগ্ম সম্পদক রুম্মান আহমেদ, যুক্তরাজ্য যুবলীগের সাংগঠনিক সম্পাদক জাকির আহমেদ, মাহ্লমুদ আলি , লিলু মিয়া তালুকদার , লন্ডন মহানগর যুবলীগের সভাপতি তারেক আহমেদ, সাধারণ সম্পাদক সাবেক ভিপি ফয়সাল হোসেন সুমন, যুক্তরাজ্য যুবলীগের প্রচার সম্পাদক মোঃ আয়াছ, সাংস্কৃতিক সম্পাদক মোঃ মহসিন তালুকদার, প্রবাস সম্পাদক দুলাল আহমেদ, সহ সম্পাদক শাহ্ ইসলাম, সদস্য মিনার আলি, মোঃ আঝার মিয়া। যুক্তরাজ্য ছাত্রলীগ নেতৃবৃন্দের মধ্যে বক্তব্য রাখেন সহসভাপতি সুমন আহমেদ, মিলকান হাসান, যুগ্ম সম্পাদক কাওসার আহমেদ ,পাঠাগার সম্পাদক মোঃ শিহাব উদ্দিন, তথ্য ও গবেষণা সম্পাদক এম সহিদুল ইসলাম, সাংস্কৃতিক সম্পাদক রাসেল ইকবাল সুমন, উপ দপ্তর সম্পাদক আশিক বাবু ভানি, উপ সাংস্কৃতিক সম্পাদক এম নুরুল আমিন, ত্রান ও সমাজ কল্যাণ সম্পাদক সুহেব আহমেদ , লন্ডন মহানগর ছাত্রলীগের সাধারণ সম্পাদক এনামুল হক এনাম, যুগ্ম সম্পাদক শাহ্ ফয়েজুর রহমান ফয়েজ, রিয়াজ আহমেদ রিজভি, সাংগঠনিক সম্পাদক ফখরুল কামাল জুয়েল, খালেদ আহমেদ শাহিন,কাবিদ হাসান যুক্তরাজ্য ছাত্রলীগ নেতা জিয়া উল হক জিয়া, আখতারুজ্জামান জাকির, রাকিব আহসান তারেক, হাসান ভুইয়া, মোঃ অসমান মিয়া, কামরুল আহসান তুষার, জনি দেব,মুস্তাফিজুর রউফ জুয়েল, দেনিয়াল চৌধুরী, তাহের আহসান, ইমাম হোসেন, শাহ্ মহসিন, ইভান ইসলাম, আসিফ আহমেদ প্রমুখ। সভায় আগত সকলের প্রতি কৃতজ্ঞতা প্রকাশ ও ধন্যবাদ প্রদান করে কেক কাটার মধ্যদিয়ে ১ম অধিবেশনের সমাপনি বক্তব্য রাখেন সংগঠনের সভাপতি তামিম আহমেদ।

২য় অধিবেশনে সংগঠনের সাংস্কৃতিক সম্পাদক রাসেল ইকবাল সুমনের উপস্থাপনায় সঙ্গীত পরিবেশন করেন বাংলাদেশ থেকে আগত ক্লোজ আপ ওয়ান তারকা নোলক বাবু, লন্ডনের জনপ্রিয় কণ্ঠশিল্পী শেফালি, জে এইচ রাসেল, ব্যান্ড শিল্পী বাবু ।

অবিলম্বে দৈনিক ইনকিলাব ও আমারদেশ খুলে দিন

অবিলম্বে দৈনিক ইনকিলাব ও আমার দেশ পত্রিকার ছাপাখানা খুলে দেয়া ও পত্রিকা গুলো নির্বিঘ্নে প্রকাশের ক্ষেত্রে সকল বাধা সরিয়ে নেয়া এবং গ্রেফতারকৃত আমারদেশ সম্পাদক মাহমুদুর রহমান, দৈনিক ইনকিলাবের বার্তা সম্পাদক রবিউল্লাহ রবি, উপপ্রধান প্রতিবেদক আহমদ আতিক, জৈষ্ঠ প্রতিবেদক আফজল বারীকে মুক্তি দেয়ার জন্য সরকারের প্রতি আহ্বান জানান খেলাফত মজলিসের কেন্দ্রীয় যুগ্ম মহাসচিব ও যুক্তরাজ্য সভাপতি অধ্যাপক মাওলানা আবদুল কাদির সালেহ ও যুক্তরাজ্য সাধারণ সম্পাদক এম সদরুজ্জামান খান। এক বিবৃতিকে নেতৃবৃন্দ গভীর উদ্বেগ প্রকাশ করে বলেন, সরকার সংবাদপত্র দলন, সম্পাদক, প্রতিবেদক ও সাংবাদিকদের গ্রেফতার, পত্রিকার ছাপাখানা সিলগালা করেদিয়ে পত্রিকার প্রকাশনা বন্ধ করা, ইসলামিক টিভি ও দিগন্ত টিভিকে বন্ধ করে দিয়ে দেশে একদলীয় বাকশালী শাসন কায়েম করতে যাচেছ। সরকারের মনে রাখা উচিৎ এতে না সরকারের কোন কল্যাণ হবে, না দেশের ভাবমূর্তি উজ্জ্বল হবে। তারা বলেন প্রতিবেদনের নিয়ে সরকারের ভিন্নমত থাকলে সংবাদপত্রে প্রেসনোট পাঠিয়ে সরকারী বক্তব্য তুলে ধরতে পারতেন। তা না করে তড়িগড়ি মামলা দায়ের করে, পুলিশ পাঠিয়ে সাংবাদিকদের গ্রেফতার ও পত্রিকার প্রকাশনা বন্ধ করে দেয়া সংবিধানে পদত্ত নাগরিকদের স্বাধীনমত প্রকাশের বিধানের পরিপন্থী এবং তা সরকারের অসহিংষ্ণু ও ফ্যাসিবাদী চারিত্রেরই বহি:প্রকাশ।

নেতৃবৃন্দ অবিলম্বে বন্ধ সংবাদপত্র, মিডিয়া সমূহ খুলে দেয়া এবং গ্রেফতারকৃত সম্পাদক, প্রতিবেদক ও সাংবাদিকদের মুক্তি দেয়ার আহ্বান জানান।